গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

# জুন/২০২৪ মাসে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শরিফুল ইসলাম<br>নিবন্ধক ও মহাপরিচালক |
| তারিখ ও সময় | : | ১০-০৬-২০২৪, সকাল-১০.০০ মি: |
| স্থান | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি এ পর্যায়ে যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরবর্তীতে নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপভাবে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী অনুমোদন; | গত ২৮/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১. গত ২৮/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রম সংক্রান্ত; | মিল্ক ইউনিয়নের প্রতিনিধি মহাব্যবস্থাপক (বিপণন) সভায় জানান, নির্দেশনা মোতবেক বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর আয়-ব্যয় হিসাব নিয়মিত সমবায় অধিদপ্তরের কৃষিজ শিল্প শাখায় প্রেরণ করা হয়। | ১. প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | মিল্ক ইউনিয়নের এপ্রিল/২০২৪ মাসের আয় কম হওয়ার বিষয়ে মিল্ক ইউনিয়নের প্রতিনিধি মহাব্যবস্থাপক (বিপণন) সভায় জানান, দুগ্ধ সংগ্রহের ক্ষেত্রে দুগ্ধের মূল্য লিটারে ২ টাকা বৃদ্ধি করা হয়েছে বিধায় এপ্রিল/২০২৪ মাসে আয় কম হয়েছে। | ২. মিল্ক ইউনিয়নকে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে তাদের উৎপাদিত পণ্যের গুণগতমান বৃদ্ধিসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। মিল্ক ইউনিয়ন কর্তৃপক্ষের কোন সহযোগিতার প্রয়োজন হলে, এ দপ্তর হতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | মিল্ক ইউনিয়নের দুগ্ধ সংগ্রহের পরিমাণ কম হওয়ার বিষয়ে বিভাগীয় যুগ্মনিবন্ধক, রাজশাহী সভাকে জানান মিল্ক ইউনিয়ন বিগত দিনে দুগ্ধ সমবায় সমিতির সদস্যদের যে সকল সেবা প্রদান করত, বর্তমানে সেই সেবাগুলো দিচ্ছে না। যদি সদস্যদের প্রণোদনা বা বোনাসের ব্যবস্থা করা যায়, সেই ক্ষেত্রে মিল্ক ইউনিয়ন মাঠ পর্যায় হতে পর্যাপ্ত পরিমাণে দুগ্ধ সংগ্রহ করতে সক্ষম হবে। | ৩. মিল্ক ইউনিয়ন কর্তৃক দুগ্ধ সমবায় সমিতিগুলোকে প্রণোদনা/সেবা এমনভাবে প্রদান করতে হবে, যাতে করে উভয় পক্ষ লাভবান হয়, পাশাপাশি দুগ্ধ সংগ্রহের হার বৃদ্ধি পায়। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর, সভায় জানান মিল্ক ইউনিয়নের নিকট হতে ৯,৬১,৩২২/- টাকা সিডিএফ পাওনা রয়েছে। পাওনা সিডিএফ দ্রুত পরিশোধের বিষয়ে মিল্ক ইউনিয়ন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ৪. মিল্ক ইউনিয়নের নিকট পাওনা সিডিএফ দ্রুত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩. | বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর কার্যক্রম সংক্রান্ত; | মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি: জানান ২০২৩-২০২৪ অর্থবছরের মার্চ/২০২৪ পর্যন্ত মোট আয় ১৪,৯১,৫৪,৬৩৩.৮৮ টাকা, মোট ব্যয় ১১,৮৬,৯১,২৩০.৪৮ টাকা ও উদ্বৃত্ত ৩,০৪,৬৩,৪০৩.৪০ টাকা। | ১. দ্বিমাসিক সমন্বয় সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সামগ্রিক কার্যক্রম (ঋণ কার্যক্রম, আয়-ব্যয়ের হিসাব, প্রকল্প সংক্রান্ত, সমস্যা ও প্রতিকারে করণীয়) উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| | | বর্তমানে সমবায় ব্যাংক হতে দুই ধরণের ঋণ দেয়া হয়েছে। ১টি হচ্ছে স্বর্ণ বন্ধকী ঋণ এবং অপরটি হচ্ছে পার্সোনাল ঋণ। স্বর্ন বন্ধকী ঋণ বাবদ গত বছরে ২৩ লক্ষ টাকা মুনাফা হয়েছে। এ বছরে স্বর্ন বন্ধকী ঋণ বাবদ ৪৬ লক্ষ টাকা মুনাফা হয়েছে। আগামীতে এ মুনাফা ১ কোটিতে উন্নীত করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মধ্যে বিনিয়োগকৃত পার্সোনাল ঋণের মধ্যে বর্তমানে ২ কোটি ৪৩ লক্ষ টাকা খেলাপি রয়েছে। এ বিষয়ে সমবায় অধিদপ্তরের সকল কর্মকর্তার সহযোগিতা একান্ত কাম্য। | ২. অনাদায়ী ঋণ আদায় এবং মুনাফা বৃদ্ধির বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৩. সমবায় অধিদপ্তরের কর্মচারীদের মধ্যে ঋণ খেলাপীদের ঋণের বিবরণীসহ নামের হালনাগাদ তালিকা নিয়মিত সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। | মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি:<br><br>মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| | | সমবায় ব্যাংকে অডিট নোট সময়মত না পাওয়ায় এনবিআর এর নিকট সমবায় ব্যাংক প্রতিবছর ২ থেকে ২.৫ লক্ষ টাকার মত জরিমানার সম্মুখীন হয়। নভেম্বর/ডিসেম্বর মাসের মধ্য অডিট নোট পাওয়া গেলে এনবিআর এর নিকট জরিমানার সম্মুখীন হতে হয়না। | ৪. সমবায় অধিদপ্তরের কর্মচারীদের পিআরএল ছুটি অনুমোদনের সময় সমবায় ব্যাংক কর্তৃক সরবরাহকৃত ঋণ খেলাপীদের ঋণের বিবরণীর হালনাগাদ তালিকার সাথে মিলিয়ে নথিতে ঋণ খেলাপী বিষয়ে মন্তব্য করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) |
| | | সমবায় ব্যাংকের বাহাদুর শাহ্ পার্কের জমি বিক্রি না করে যদি নিজস্ব অর্থায়নে অথবা সরকার যদি ২০ কোটি টাকা দেয় তাহলে উক্ত জমিতে ১০ তলা একটি কমার্শিয়াল ভবন নির্মাণ করতে পারলে সমবায় ব্যাংক তথা সরকার লাভবান হবে। একটি সম্পদ হাতছাড়া করার থেকে সম্পদের সুষ্ঠু ব্যবহার করা বেশী ফলপ্রসূ হবে। সমবায় ব্যাংকের কম্পিউটার ক্রয়ের জন্য ৮ লক্ষ টাকা বাজেট চাওয়া হলেও ২ লক্ষ টাকা অনুমোদন করা হয়েছে। সমবায় ব্যাংকের জেলা পর্যায়ে অদ্যাবধি কোন কম্পিউটার দেয়া সম্ভব হয়নি। কম্পিউটার ক্রয়ের জন্য চাহিত ৮ লক্ষ টাকা বাজেট পাওয়া গেলে ১০টি নতুন কম্পিউটার মাঠ পর্যায়ে দেয়া এবং কিছু পুরাতন কম্পিউটার রিপ্লেস করা সম্ভব হবে। | ৫. সমবায় ব্যাংকের অডিট নোট প্রতি বছর ডিসেম্বর মাসের মধ্যে সম্পাদনপূর্বক দাখিলের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৬. সমবায় ব্যাংক কর্তৃপক্ষ জুলাই মাসের মধ্যে হিসাব বিবরণী প্রস্তুতপূর্বক নিরীক্ষা দলের নিকট উপস্থাপন করবেন। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর।<br><br>মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| | | সমবায় ব্যাংকের আগামী রিক্রুটমেন্ট যাতে স্বচ্ছতার সাথে প্রফেসোনাল লোক নিয়োগ পায় সে বিষয়ে কার্যক্রম গ্রহণ করা হবে। সমবায় ব্যাংকের বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী অনুমোদিত মোট জনবলের সংখ্যা ৩৩২ জন। তা কমিয়ে নতুন অর্গানোগ্রাম অনুযায়ী ২৬২ জন করা হয়েছে। পাশাপাশি সমবায় ব্যাংকের উপ-আইন কিছু সংশোধন প্রয়োজন। এজিএমের সিদ্ধান্ত গ্রহণপূর্বক উপ-আইন সংশোধনের নিমিত্ত নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হবে। এ বিষয়ে প্রয়োজনীয় অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ৭. সমবায় ব্যাংকের নতুন অর্গানোগ্রাম ও উপ-আইন সংশোধনের জন্য যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রস্তাব প্রেরণ করতে হবে।<br><br>৮. সমবায় ব্যাংকের জনবল নিয়োগ প্রক্রিয়া যাতে স্বচ্ছ হয়, সে বিষয়ে সতর্ক থাকতে হবে। | মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি:<br><br>মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর, সভায় জানান সমবায় ব্যাংকের নিকট হতে ৮ লক্ষ ২২ হাজার টাকা সিডিএফ পাওনা রয়েছে। তা দ্রুত পরিশোধের বিষয়ে সমবায় ব্যাংক কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১০. সমবায় ব্যাংকের নিকট পাওনা সিডিএফ দ্রুত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। | মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| ০৪. | দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব) কর্তৃক সম্পাদিত অডিট কার্যক্রম সংক্রান্ত; | কালব এর প্রতিনিধি সভাকে জানান ২০২২-২০২৩ অর্থবছরে কালবভুক্ত ৯৫৭ টি ক্রেডিট ইউনিয়নের নিরীক্ষা সম্পাদনের নিমিত্ত বরাদ্দ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ৯১৫টি ক্রেডিট ইউনিয়নের নিরীক্ষা সম্পাদন করা হয়েছে, ৪২ টি ক্রেডিট ইউনিয়নের নিরীক্ষা সম্পাদন করা সম্ভব হয়নি। | ১. ২০২২-২০২৩ অর্থবছরে কালবভুক্ত সকল ক্রেডিট ইউনিয়নের নিরীক্ষা কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন এবং নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব) |
| | | কালবভুক্ত ক্রেডিট ইউনিয়নের নিরীক্ষা প্রতিবেদনের আলোকে বিগত বছরগুলোতে ভ্যাটের টাকা পরিশোধ করা হয়েছে এবং চলতি অর্থবছরে ৫,৩৫,৫৭৭/- টাকা ভ্যাট জমা করা রয়েছে। সিডিএফ বাবদ ৮৪,১৯,১৩৩/- টাকা ৬ কিস্তিতে প্রদান করা হয়েছে এবং শীঘ্রই ২৫,০০,০০০/- টাকা জমা দেয়া হবে। | ২. কালবভুক্ত ক্রেডিট ইউনিয়নের নিরীক্ষা প্রতিবেদনের আলোকে অডিট ফি এর ভ্যাট ও সমবায় উন্নয়ন তহবিলের অর্থ যথাসময়ে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব) |
| | | প্রাথমিক ক্রেডিট ইউনিয়নগুলোর মধ্যে সমবায় আইন ও বিধি অনুসরণপূর্বক ঋণ কার্যক্রম করা হচ্ছে। বিভাগীয় সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য মাঠ পর্যায়ে প্রতিনিধিদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | ৩. ঋণ প্রদানের ক্ষেত্রে সমবায় সমিতি আইন ও বিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে। | চেয়ারম্যান, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব) |
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, ময়মনসিংহ জানান নান্দাইল শিক্ষক/কর্মচারী ক্রেডিট ইউনিয়ন লি:, দেওয়ানগঞ্জ শিক্ষক/কর্মচারী ক্রেডিট ইউনিয়ন লি:, ভালুকা শিক্ষক/কর্মচারী ক্রেডিট ইউনিয়ন লি: ও শ্রীবর্দী শিক্ষক/কর্মচারী ক্রেডিট ইউনিয়ন লি: পরিদর্শন কালে দেখা যায়, কালব কর্তৃক প্রতিটি ক্রেডিট ইউনিয়নকে ২ থেকে ৩ কোটি টাকা ঋণ প্রদান করা হলেও কোন ঋণ আদায় করতে পারেনি।<br><br>কালব এর প্রতিনিধি সভাকে জানান অনাদায়ী ঋণ আদায়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। | ৪. অনাদায়ী ঋণ আদায়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। প্রয়োজনে মাঠ পর্যায়ে সমবায় দপ্তরসমূহের সাথে যোগাযোগপূর্বক প্রশাসনের সহযোগিতা নিতে হবে। | চেয়ারম্যান, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব) |
| | | | ৫. বিভাগীয় সমবায় কার্যালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় ক্রেডিট ইউনিয়নের প্রতিনিধিকে নোটিশ প্রদান করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৫. | অডিট অগ্রগতি ও অডিট ফি আদায়ের অগ্রগতি; | সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল সমবায় সমিতির অডিট সম্পাদন করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. নির্ধারিত সময়ের মধ্যে অডিট সম্পাদন ও অডিট ফি আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | যুগ্মনিবন্ধক (ব্যাংক, বীমা ও কৃষি ঋণ) সভাকে জানান অডিট করার সময় অডিট দলের সদস্যদের পাওয়া যায়না। বিশেষ করে অডিট দলের সদস্যগণ বিভিন্ন শাখায় কর্মরত থাকায় তাদের অডিট করার সময় পাওয়া পাওয়া যায়না। অডিট দল গঠনের ক্ষেত্রে একই শাখার লোকদের সমন্বয়ে নিয়োগ দেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা। | ২. অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | ১.যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২.বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সভাকে জানান কোন বিভাগ ২০২২-২০২৩ অর্থবছরের নিরীক্ষা সম্পাদনের সাথে সাথে অডিট ফি ধার্য ও আদায় করে থাকে, আবার কোন বিভাগ ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনের আলোকে অডিট ফি ধার্য ও আদায় করে থাকে। এতে করে অর্থবছর ভিত্তিক ধার্য ও আদায়ের তথ্যের গড়মিল হয়। সকল বিভাগ কর্তৃক সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক ৩০ জুনের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনের আলোকে সঠিকভাবে অডিট ফি ধার্য ও আদায় নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. অডিট বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অডিট দল এমনভাবে গঠন করতে হবে। যাতে করে অডিট কাজে বিঘ্ন সৃষ্টি না হয়। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর |
| | | নিরীক্ষা প্রতিবেদনের আলোকে অডিট ফি ধার্য ও আদায় করার বিষয়ে আলোচনা করা হয়। জেলা সমবায় কার্যালয় পরিদর্শনপূর্বক অডিট নোট পর্যালোচনা করে ধার্যকৃত অডিট ফি এর সঠিকতা যাচাই নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়। | ৪. সকল বিভাগকে সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক ৩০ জুন, ২০২৪ এর মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনের আলোকে সঠিকভাবে অডিট ফি ধার্য ও আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | ২০২২-২০২৩ অর্থবছরের সম্পাদিত সকল অডিট নোট শতভাগ পর্যালোচনা করা এবং যে সকল অডিট নোটে আর্থিক অনিয়ম/ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হবে, প্রয়োজনে সে সকল অডিট নোটের টেস্ট অডিট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৫. অডিট ফি আদায়ের ক্ষেত্রে ধার্য বছর উল্লেখ করতে হবে, যাতে করে বোঝা যায় এটি কোন বছরের ধার্যকৃত অডিট ফি। প্রয়োজনে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদানপূর্বক ছক প্রস্তুত করে প্রেরণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সভাকে জানান উদ্ভাবনীর ধারণা শিরোনাম দিয়ে বলা হয়েছে জাতীয়, কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির নিরীক্ষা ডিজিলাইটেশন করার জন্য এটি এপিএ ২০২৩-২০২৪ এর সূচক ১এ রয়েছে। নিরীক্ষা বরাদ্দ ৩০শে জুনের মধ্যে দিতে হবে এবং ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম এর সফটওয়্যার ডেভেলপ করতে জুলাই মাস পর্যন্ত সময় লাগতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৬. ৩০শে জুনের মধ্যে অডিট বরাদ্দ প্রদান সম্পন্ন করতে হবে এবং ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম এর সফটওয়্যার ডেভেলপ করা হলে তা অন্তর্ভুক্ত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্ম সিস্টেম |
| | | এনবিআরের সাথে সমবায় সমিতির অডিট বিষয়ে এবং সমবায় সমিতির উপর কর আরোপ বিষয়ে মতপার্থক্য দূর করার বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে দ্বি-পাক্ষিক আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৭. এনবিআরের সাথে সমবায় সমিতির অডিট এবং সমবায় সমিতির উপর কর আরোপ বিষয়ে মতপার্থক্য দূর করার বিষয়ে মন্ত্রণালয়ের মাধ্যমে দ্বি-পাক্ষিক আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর |
| ০৬. | **সমবায় উন্নয়ন তহবিলের চাঁদা আদায় সংক্রান্ত।** | উপনিবন্ধক (ইপি) বলেন সমবায় উন্নয়ন তহবিল আদায় হার ভালো কিন্তু ধার্য সাল উল্লেখ না থাকায় অনেক সময় চিহ্নিত করা সম্ভব হয়না।<br><br>অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় সমিতির সংখ্যা নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত | ১. অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় উন্নয়ন তহবিল আদায়যোগ্য সমবায় সমিতির সংখ্যা নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত চাঁদা শতভাগ আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | চাঁদা শতভাগ আদায় নিশ্চিত করতে হবে, সমবায় উন্নয়ন তহবিল আদায় ১০০% নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ জেলা সমবায় কার্যালয় পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাই এবং ইপিপি শাখা কর্তৃক পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২. সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৩. সমবায় উন্নয়ন তহবিল আদায়ের ক্ষেত্রে ধার্য বছর উল্লেখ করতে হবে, যাতে করে বোঝা যায় এটি কোন বছরের ধার্যকৃত অডিট ফি। প্রয়োজনে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদানপূর্বক ছক প্রস্তুত করে প্রেরণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. যুগ্মনিবন্ধক (ইপিপি) সমবায় অধিদপ্তর |
| ০৭. | ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত। | উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) জানান, ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত দ্বি-মাসিক ভিত্তিতে প্রতি ০২ (দুই) মাস অন্তর ০৮ বিভাগ হতে ব্যাংক স্টেটমেন্ট উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করা হয়। | ১. প্রতি দুই মাস অন্তর ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়নপত্র নির্ধারিত সময়ের মধ্যে উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | ইতোমধ্যে যে সকল বিভাগে এপ্রিল/২৪ খ্রি. মাসের ঘূর্ণায়মান আর্বতক তহবিলের ঋণ আদায়ের পরিমান কম, সে সকল বিভাগে আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সমাপ্ত প্রকল্পের ঋণ সংক্রান্ত রিটার্ন যথাসময়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট বিভাগসমূহে এ দপ্তরের স্মারক নং-৪০ তারিখ: ২৬/০৫/২৪ ইং মূলে পত্র প্রেরণ করা হয়েছে। ০৮ বিভাগ হতে প্রেরিত 'ফ্যামিলি ওয়েলফেয়ার এন্ড ইনকাম জেনারেশন একটিভিটিজ থ্রো দ্যা রুরাল কো-অপারেটিভস ইন বাংলাদেশ' এবং 'সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণে সমবায়ের মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি ও আয়বর্ধক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন কর্মসূচি' প্রকল্প সমূহের ঋণ কার্যক্রমের মাসিক রিটার্নে উপস্থাপিত তথ্যে গড়মিল থাকায় প্রকল্প দুটির নির্ভুল তথ্য (মে/২৪ পর্যন্ত ব্যাংক স্টেটমেন্টসহ) এ দপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট যুগ্মনিবন্ধকগণকে পত্র দেয়া হয়েছে। এছাড়া বিগত ১৬/০৪/২৪ ইং তারিখ উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প), সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক বরিশাল জেলার গৌরনদী উপজেলাধীন উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পভুক্ত ০৩টি সমবায় সমিতি পরিদর্শন করা হয়েছে এবং পরিদর্শন প্রতিবেদনের প্রেক্ষিতে তদন্ত করার নিমিত্ত বিভাগীয় সমবায় কার্যালয় বরিশালকে পত্র দেয়া হয়েছে। | ২. ঘূর্ণায়মান আবর্তক তহবিলের ঋণ টার্গেট অনুযায়ী আদায় নিশ্চিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৩. সমাপ্ত প্রকল্পসমূহে ঘূর্ণায়মান আর্বতক তহবিলের ঋণ আদায়ের মাসিক রিটার্ণ অনলাইনে ও হার্ড ফাইলে সঠিকভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৪. সমাপ্ত প্রকল্পের অধীন সমবায় সমিতিগুলোর অডিট নোটের উপর কার্যক্রমের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) |
| | | | ৫. সমাপ্ত প্রকল্পসমূহে ঘূর্ণায়মান আর্বতক তহবিলের ঋণ আদায়ের মাসিক রিটার্নের সকল তথ্য সংশ্লিষ্ট বিভাগীয় সমবায় কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ০৭টি সমাপ্ত প্রকল্পের আবর্তক ঋণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রকল্প ভিত্তিক প্রতিটি উপজেলার সমিতির আবর্তক ঋণ কার্যক্রমের অডিট (২০২২-২০২৩ অর্থবছর) সম্পাদিত অডিট প্রতিবেদন পর্যালোচনা করতঃ প্রাপ্ত ত্রুটি-বিচ্যুতির উপর গৃহীত ব্যবস্থা এ দপ্তরকে অবহিত করার জন্য সভায় আলোচনা করা হয়। | ৬. 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন' শীর্ষক প্রকল্প এবং 'দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে বৃহত্তর ফরিদপুর, বরিশাল ও খুলনা জেলার দারিদ্র হ্রাসকরণ ও অর্থ-সামাজিক উন্নয়ন' শীর্ষক সমাপ্ত প্রকল্প দুইটির বরিশাল বিভাগের আদায় হার বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক বরিশাল |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৮. | প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি জানান, লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহে প্রশিক্ষণের মান বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। | ১. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা<br>২. অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর |
| | | | ২. বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটগুলোর প্রশিক্ষণের মান বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা |
| ০৯. | আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত; | আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা, সমিতির সদস্য সংখ্যার তথ্য এবং আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি প্রতি মাসে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>ইউনিক ফরমেটে সকল তথ্য মাঠ পর্যায় হতে মাসিক ভিত্তিতে সংগ্রহ করতে হবে। সকল শাখা যেন এমআইএস শাখা হতে তথ্য সংগ্রহ করতে পারে সেই লক্ষ্যে এমআইএস শাখাকে সমবায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের সকল হালনাগাদ তথ্য সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (এমআইএস) সমবায় অধিদপ্তর |
| | | | ২. ইউনিক ফরমেটে সকল তথ্য মাঠ পর্যায় হতে মাসিক ভিত্তিতে সংগ্রহ করতে হবে। সকল শাখা যেন এমআইএস শাখা হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারে সেই লক্ষ্যে এমআইএস শাখাকে তথ্য সংগ্রহ ও সংরক্ষণের মাধ্যমে সমৃদ্ধ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (এমআইএস) সমবায় অধিদপ্তর |
| ১০. | বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত; | সভায় জানানো হয়, বিভিন্ন আদালতে মোট ৪৮৩টি মামলা বিচারাধীন রয়েছে এর মধ্যে উচ্চ আদালতে ৩৪৮টি ও নিম্ন আদালতে ১৩৫টি মামলা রয়েছে। বিবেচ্য ০২(দুই) মাসে উচ্চ আদালতে ০২টি মামলা নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। মামলা সংক্রান্ত রেজিস্টার আবশ্যিকভাবে হালনাগাদ রাখার বিষয়ে এবং রেজিস্টারে সকল তথ্য থাকতে হবে মর্মে আলোচনা হয়। | ১. পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২. মামলা সংক্রান্ত রেজিস্টারসমূহ হালনাগাদ রাখতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |
| ১১. | এপিএ/ জিআরএস/এনআইএস/সিটিজেন চার্টার সংক্রান্ত বিষয়াদি; | এপিএ/জিআরএস/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এপিএর মাস ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | ১. এপিএ/জিআরএস/এনআইএস সংক্রান্ত বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি |
| | | | ২. সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১২. | রাজস্ব অডিট আপত্তি সংক্রান্ত; | সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৫টি এবং সমবায় অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের অডিট আপত্তির সংখ্যা ৩০৮টি। তন্মধ্যে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও অডিট অধিদপ্তরের স্মারক নং- ৮২.২১.০০০০.০০৯.০৬.০০১.২৪-২৪২, তারিখ- ০৫/০৫/২৪ খ্রি. মূলে সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের ৪,২৬,১৯৬/- টাকার ০২টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। সমবায় অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও অডিট অধিদপ্তরের কর্তৃক প্রেরিত বিভিন্ন সময়ে প্রেরিত পত্রের মন্তব্যের আলোকে মার্চ, ২০২৪খ্রি. মাসে জেলা সমবায় কার্যালয়, সিলেট, নারায়নগঞ্জ, মাগুরা, এপ্রিল, ২০২৪ মাসে জেলা সমবায় কার্যালয়, লক্ষ্মীপুর, ব্রাহ্মণবাড়িয়া, রাজশাহী, দিনাজপুর, মে, ২০২৪ মাসে জেলা সমবায় কার্যালয়, চট্টগ্রাম, ঠাকুরগাঁও, রংপুর ও খুলনার এবং জুন/২৪ মাসে জেলা সমবায় কার্যালয় বাগেরহাট এর ০৫টি অডিট আপত্তিসহ সর্বমোট ২৮টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে।<br><br>বর্তমানে সমবায় অধিদপ্তর, সদর কার্যালয়ের ৩৩টি এবং মাঠ পর্যায়ের ২৮৫টি রাজস্ব অডিট আপত্তি এবং ০১টি সিভিল অডিট আপত্তিসহ মোট ৩১৯টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. সমন্বয় সভায় অডিট আপত্তি সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ২. অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ৩. অডিট আপত্তি নিষ্পত্তির জবাব দাখিলের সময়ে প্রয়োজনীয় প্রমানক সংযুক্ত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| ১৩. | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত; | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, চিহ্নিতকরণ, ঝুঁকি হ্রাসের উদ্যোগ গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়।<br>এছাড়া সমবায় সমিতির ঝুঁকির বিষয়ে সতর্ক হয়ে অডিট কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ১. ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, চিহ্নিতকরণ এবং ঝুঁকি হ্রাসের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. সমবায় সমিতির ঝুঁকির বিষয়ে সতর্ক হয়ে অডিট কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য নিয়মিত প্রেরণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ. মওবি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৪. | অনিষ্পন্ন বিষয়াদি; | বিভিন্ন দপ্তরের নিকট চাহিত তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ বিষয়ে এবং নির্ধারিত ছক অনুযায়ী অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রতি দ্বি-মাসিক সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অনিষ্পন্ন বিষয়সমূহ নিষ্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স),<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রেরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫. | **সমবায় সমিতির নিবন্ধন সংক্রান্ত;** | সভায় জানানো হয়, প্রাথমিক, কেন্দ্রীয় এবং জাতীয় সমবায় সমিতির সংখ্যা যথাক্রমে ১,৮৩,৩০৭টি, ১১৩৪টি ও ১১টি। সমবায় সমিতির নিবন্ধন ও বাতিল সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন যথাসময়ে অডিট ও আইন শাখায় প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. সমবায় সমিতি নিবন্ধন ও বাতিল সংক্রান্ত তথ্য হালনাগাদ রাখতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৬. | **অফিস পরিদর্শন;** | সকল কার্যালয়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নে মনিটরিং ও পরিদর্শনের গুরুত্ব অপরিসীম। এ বিষয়ে সতর্কতার সহিত কার্যক্রম গ্রহণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। অফিস পরিদর্শন সম্পর্কিত ছক মোতাবেক তথ্য উর্ধ্বতন দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অফিস মনিটরিং ও পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৭. | **স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের কনটেন্ট নিয়মিত হালনাগাদকরণ;** | স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের তথ্য নিয়মিত হালনাগাদ রাখার বিষয়ে এবং বিভাগীয় সমবায় কার্যালয়সমূহ কর্তৃক সংশ্লিষ্ট জেলা/উপজেলার ওয়েবসাইট মনিটরিং এর বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের তথ্য নিয়মিত হালনাগাদ রাখতে হবে।<br>২. জেলা/উপজেলা সমবায় কার্যালয়ে ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার বিষয়টি বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৮. | **বিবিধ।** | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের কর্মবন্টন সর্বশেষ বিগত ২০০৭ সালে জারী হয়েছিল, দীর্ঘদিন অতিবাহিত হওয়ায় তা হালনাগাদ করা হয়নি। কর্মকর্তাদের কর্মবন্টন হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. বিদ্যমান কর্মবন্টন হালনাগাদ করার জন্য সুনির্দিষ্টভাবে প্রস্তাব উল্লেখপূর্বক আগামী ১ (এক) মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সভাপতি/সদস্য সচিব (এ সংক্রান্ত গঠিত কমিটি) সমবায় অধিদপ্তর |
| | | মাঠ পর্যায়ে বিভিন্ন পদে কর্মকর্তা ও কর্মচারীদের পদ শূন্য রয়েছে। এ অবস্থায় কর্মকর্তা ও কর্মচারীদের মূল পদ হতে সংযুক্তিতে অন্যত্র পদস্থ করলে মাঠ পর্যায়ে কাজে বিঘ্ন সৃষ্টি হয়। | ২. পর্যায়ক্রমে কর্মকর্তা/কর্মচারীর বিভিন্ন দপ্তরে সংযুক্ত আদেশ বাতিল করতে হবে। | অতিঃ নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |
| | | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্মের সিস্টেম এর বিষয়টি দ্বি-মাসিক সমন্বয় সভায় এজেন্ডাভুক্ত করলে ভাল হবে মর্মে সভাকে অবহিত করেন। যেহেতু দ্বি-মাসিক সভায় বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ উপস্থিত থাকেন, সেহেতু একই দিন আলোচনা করলে ভাল হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্ম সিস্টেম এর ভেন্ডরের সাথে দ্বি-মাসিক সমন্বয় সভার শুরুতে তাদের সাথে আলোচনা করে শেষ করা হবে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সমবায় অধিদপ্তর |
| | | ৩০শে জুন/২০২৪ তারিখের পর সমিতির নিবন্ধনের আবেদন ম্যানুয়ালি গ্রহণ/নিষ্পত্তি কার্যক্রম বন্ধ এবং ১লা জুলাই/২০২৪ হতে সকল সমবায় সমিতির নিবন্ধনের আবেদন অনলাইনে গ্রহণ করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয় | ১. ১লা জুলাই/২০২৪ হতে সকল প্রকারের সমবায় সমিতির নিবন্ধন ইন্ট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্ম সিস্টেম এর মাধ্যমে অনলাইনে প্রদান এবং একই সাথে ৩০শে জুন/২০২৪ তারিখের পর ম্যানুয়ালি নিবন্ধন আবেদন গ্রহণ/নিষ্পত্তি কার্যক্রম বন্ধ থাকবে মর্মে মাঠ পর্যায়ে পত্র দিতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |

পরিশেষে সভাপতি সমবায় অধিদপ্তরের সকল কাজের গতিশীলতা আনয়নে জনগণের প্রত্যাশিত সেবা যথাসময়ে প্রদান নিশ্চিতকরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/৭/২৪

মো: শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৪.০০(৫ম খন্ড)- ৭৮ (৬০) স/মু;

তারিখ: ১০ /০৭/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) / (সমিতি ব্যবস্থাপনা) / (অডিট ও আইন) / (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)।
০৫। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড।
০৬। চেয়ারম্যান, দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ (কালব)।
০৭। যুগ্মনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৮। বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৯। উপনিবন্ধক(এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। উপনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১১। সহকারী নিবন্ধক/গবেষণা কর্মকর্তা/পরিসংখ্যানবিদ/সহকারী প্রোগ্রামার (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১২। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০/০৭/২০২৪

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ar.coordination@gmail.com